

# **া** সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৭৭]

২৬/ ক্রয় - বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১২৯৩. সচ্ছল ব্যক্তিকে অবকাশ দেওয়া

باب مَنْ أَنْظَرَ مُوسِرًا

### আরবী

حَدَّنَفَةَ ـ رضى الله عنه ـ حَدَّتَهُ قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَلَقَّتِ الْمَلاَئِكَةُ حُذَيْفَةَ ـ رضى الله عنه ـ حَدَّتُهُ قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَلَقَّتِ الْمَلاَئِكَةُ رُوحَ رَجُلٍ مِمَّنْ كَانَ قَبْلَكُمْ قَالُوا أَعَمِلْتَ مِنَ الْخَيْرِ شَيْئًا قَالَ كُنْتُ آمُرُ فِتْيَانِي أَنْ يُنْظِرُوا وَيَتَجَاوَزُوا عَنِ الْمُوسِرِ قَالَ قَالَ فَتَجَاوَزُوا عَنْهُ ". وَقَالَ أَبُو مَالِكُ عَنْ رِبْعِيّ " يُنْظِرُوا وَيَتَجَاوَزُوا عَنْ مِبْعِيّ " كُنْتُ أَيُسِّرُ عَلَى الْمُوسِرِ وَأَنْظِرُ الْمُعْسِرَ ". وَتَابَعَهُ شُعْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ عَنْ رِبْعِيّ. وَقَالَ لَبُو عَوَانَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ عَنْ رِبْعِيّ " أَنْظِرُ الْمُوسِرَ، وَأَتَجَاوَزُ عَنْ الْمُعْسِرِ ". وَقَالَ نُعَيْمُ بُنُ أَبِي هِنْدٍ عَنْ رِبْعِيّ " فَأَنْظِرُ الْمُوسِرِ، وَأَتَجَاوَزُ عَنِ الْمُعْسِرِ ".

#### বাংলা

১৯৪৭. আহমদ ইবনু ইউনুস (রহঃ) ... হ্যায়ফা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের পূর্ববর্তিগণের মধ্যে এক ব্যাক্তির রুহের সাথে ফেরেশতা সাক্ষাৎ করে জিজ্ঞাসা করলেন, তুমি কি কোন নেক কাজ করেছ? লোকটি উত্তর দিল, আমি আমার কর্মচারীদের আদেশ করতাম যে, তারা যেন সচ্ছল ব্যাক্তিকে অবকাশ দেয় এবং তার উপর পীড়াপীড়ি না করে। রাবী বলেন, তিনি বলেছেন, ফেরেশতারাও তাঁকে ক্ষমা করে দেন।

আবৃ মালিক (রহঃ) রিবঈ ইবনু হিরাশ (রহঃ) সূত্রে বর্ননা করেন, আমি সচ্ছল ব্যাক্তির ব্যাপারে সহজ করতাম এবং অভাবগ্রস্থকে অবকাশ দিতাম। শু'বা (রহঃ), আবদুল মালিক (রহঃ) থেকে অনুরূপ বর্ননা করেন। আবূ আওয়ানা (রহঃ), আবদুল মালিক (রহঃ) সূত্রে বর্ননা করেন, আমি সচ্ছলকে অবকাশ দিতাম এবং অভাবগ্রস্থকে মাফ করে দিতাম এবং নুআঈম ইবনু আবৃ হিনদ (রহঃ), রিবঈ (রহঃ) সূত্রে বলেন, আমি সচ্ছল ব্যাক্তি থেকে গ্রহন করতাম এবং অভাবগ্রস্থকে ক্ষমা করে দিতাম।

## **English**



#### Narrated Hudhaifa:

The Prophet () said, "Before your time the angels received the soul of a man and asked him, 'Did you do any good deeds (in your life)?' He replied, 'I used to order my employees to grant time to the rich person to pay his debts at his convenience.' So Allah said to the angels; "Excuse him." Rabi said that (the dead man said), 'I used to be easy to the rich and grant time to the poor.' Or, in another narration, 'grant time to the well-off and forgive the needy,' or, 'accept from the well-off and forgive the needy.'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন